# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১৪৯৫ তারিখঃ ২২ জুন ২০২৩

**বিষয়ঃ ২৭ জুন ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে তফসিলি ব্যাংক বন্ধ ঘোষণা এবং তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রপ্তানী বিল ক্রয়ের লক্ষ্যে তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।**

সূত্র নংঃ ডিওএস সার্কুলার লেটার নং-১৮, তারিখ ২১ জুন ২০২৩ ডিপার্টমেন্ট অব অফ সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ২০ জুন ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১০৪ এর মাধ্যমে ২৭ জুন ২০২৩ তারিখ মঙ্গলবার পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সাধারণ ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। সূত্রোক্ত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে **প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ (ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, আর্ন্তজাতিক বাণিজ্য বিভাগ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ও আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) সহ স্থানীয় মুখ্য কার্যালয়, কাওরান বাজার কর্পোরেট শাখা, বনানী কর্পোরেট শাখা, নারায়নগঞ্জ কর্পোরেট শাখা, টঙ্গী শাখা, সাভার শাখা, আশুলিয়া শাখা, গাজীপুর শাখা, ভালুকা শাখা, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম কর্পোরেট শাখা ও ষোলশহর** শাখা সমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে।

| তারিখ | অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|---|
| ২৭ ও ২৮ জুন ২০২৩<br>মঙ্গলবার ও বুধবার | সকাল ১০ : ০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ৩ : ০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০ : ০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ২ : ০০ ঘটিকা পর্যন্ত |

০৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। উল্লেখ্য, ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিনসমূহে অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

২২.০৬.২৩

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

বিতরণঃ

০১। উপমহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট/আর্ন্তজাতিক বাণিজ্য/ আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১৪৯৫ তারিখঃ ২২ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

১০। নথি/মহানথি।

(মোঃ রাজু আহাম্মেদ)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৮

তারিখঃ ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**২৭ জুন ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে তফসিলি ব্যাংক বন্ধ ঘোষণা এবং তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রপ্তানি বিল ক্রয়ের লক্ষ্যে তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ২০ জুন ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১০৪ এর মাধ্যমে ২৭ জুন ২০২৩ তারিখ মঙ্গলবার পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সাধারণ ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

| তারিখ | অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|---|
| ২৭ ও ২৮ জুন ২০২৩<br>মঙ্গলবার ও বুধবার | সকাল ১০:০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ৩:০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০:০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ২:০০ ঘটিকা পর্যন্ত। |

০৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ হোসেন খান)
পরিচালক (ডিওএস)
ফোন ঃ ৯৫৩০০৯৩